# LEARNING DESIGN ( EDUCATION )

| | |
|---|---|
| বিদ্যালয়ের নাম - [redacted]<br>শ্রেণি - একাদশ<br>সময় - ৪০ মিনিট<br>তারিখ – [redacted]<br>শিক্ষক / শিক্ষিকার নাম – [redacted] | বিষয়- শিক্ষাবিজ্ঞান<br>পাঠ্যএকক – শিক্ষার গুরুত্বপূর্ণ উপাদান<br>উপএকক –<br>*শিক্ষার উপাদান হিসাবে শিক্ষার্থী।<br>*শিক্ষার উপাদান হিসাবে শিক্ষক।<br>*শিক্ষার উপাদান হিসাবে পাঠ্যক্রমঃ পাঠ্যক্রমের ধারণা ও বৈশিষ্ট্য।<br>*পাঠ্যক্রম রচনার মৌলিক নীতি সমূহ।<br>*বিভিন্ন প্রকারের পাঠ্যক্রম সম্পর্কিত ধারণা।<br>*সহ-পাঠ্যক্রমের ধারণা এবং প্রয়োজনীয়তা।<br>*সহ-পাঠ্যক্রমের শ্রেণীবিভাগ।<br>*শিক্ষার উপাদান হিসাবে পরিবেশ।<br><br>আজকের পাঠ – * সহ-পাঠ্যক্রমের শ্রেণিবিভাগ |

## <u>শিখনের লক্ষ্য/উদ্দেশ্য</u>

| প্রজ্ঞামূলক ক্ষেত্র | বর্তমান পাঠের পর [redacted]... |
|---|---|
| স্মরণ করা | • শিক্ষার্থীরা সহপাঠ্যক্রমিক কার্যাবলীর প্রকারভেদের নাম গুলি স্মরণ করে বলতে পারবে। (তথ্যগত জ্ঞান)<br>• শিক্ষার্থীরা সৃজনাত্মক কার্যাবলী [redacted] শনাক্ত করতে পারবে। (ধারনাগত জ্ঞান) |
| অনুধাবন করা | • শিক্ষার্থীরা সহপাঠ্যক্রমিক কার্যাবলীর শ্রেণিবিভাগ করতে পারবে। (তথ্যগত জ্ঞান)<br>• শিক্ষার্থীরা বিভিন্ন প্রকার সহপাঠ্যক্রমিক কার্যাবলীর তুলনামূলক দিক গুলি ব্যাখ্যা করতে পারবে। (ধারনাগত জ্ঞান) |
| প্রয়োগ করা | • শিক্ষার্থীরা বিভিন্ন শ্রেণির সময়তালিকা দেখে বলতে পারবে যে সহপাঠ্যক্রমিক কার্যাবলীকে কিভাবে সময়সূচীতে স্থান দেওয়া হয়। (অধিজ্ঞান)<br>• শিক্ষার্থীরা শৃঙ্খলা গঠনে সহপাঠ্যক্রমিক কার্যাবলীর গুরুত্ব লিখতে পারবে। (ধারনাগত জ্ঞান)<br>• সহপাঠ্যক্রমিক কার্যাবলী কিভাবে শিক্ষার্থীদের চাহিদা পরিতৃপ্তিতে সাহায্য করে তা শিক্ষার্থীরা বলতে পারবে। (পদ্ধতিগত জ্ঞান) |

| | |
|---|---|
| বিশ্লেষণ করা | • সহপাঠ্যক্রমিক কার্যাবলী কিভবে সর্বাঙ্গীণ বিকাশে সাহায্য করে তা শিক্ষার্থীরা বিভিন্ন কার্যাবলীর মধ্যে তুলনা করার মাধ্যমে বলতে পারবে। ((পদ্ধতিগত জ্ঞান)<br>• শিক্ষার্থীরা বিকাশ সক্রান্ত দিক থেকে বিভিন্ন ধরনের সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মধ্যে সম্পর্ক গুলি বলতে ও লিখতে পারবে। (ধারনাগত জ্ঞান) |
| মূল্যায়ন করা | • শিক্ষার্থীরা শিক্ষাক্ষেত্রে বিভিন্ন ধরনের সহপাঠ্যক্রমিক কার্যাবলীর গুরুত্ব বিচার করে বলতে পারবে। (পদ্ধতিগত জ্ঞান)<br>• শিক্ষার্থীরা বৃত্তিমূলক প্রশিক্ষণে সহপাঠ্যক্রমিক কার্যাবলীর মূল্য বিচার করতে পারবে। (অধিজ্ঞান) |
| সৃজন করা | • শিক্ষার্থীরা আত্মপ্রকাশনামূলক বিভিন্ন ধরনের কার্যাবলী সম্পর্কে পরিকল্পনা করতে পারবে। (ধারনাগত জ্ঞান)<br>• শিক্ষার্থীরা বিকাশের বিভিন্ন দিক অনুযায়ী বিভিন্ন ধরনের কার্যাবলীর একটি নক্সা তৈরি করতে পারবে। (পদ্ধতিগত জ্ঞান) |

## পাঠের প্রেক্ষিতে শিক্ষার্থীর বিশ্লেষণ

বর্তমান পাঠের প্রেক্ষিতে শিক্ষার্থীদের সাধারণ বৈশিষ্ট্যাবলী এবং প্রারম্ভিক আচরণ সুনিশ্চিত করার জন্য নিম্নরূপ প্রশ্নগুলি করা হবে।

- পাঠ্যক্রম কাকে বলে?
- সহ-পাঠ্যক্রম কাকে বলে?
- পাঠ্যক্রমের সহিত সহ-পাঠ্যক্রমের পার্থক্য বল?
- জীবনব্যাপী শিক্ষা কি?
- বিকাশের বিভিন্ন ক্ষেত্র গুলি বলো?

শিক্ষার্থীদের থেকে প্রাপ্ত উত্তরের ভিত্তিতে শিক্ষক মহাশয় বলতে পারবেন যে শিক্ষার্থীদের পাঠ্যক্রম, সহ-পাঠ্যক্রম, সর্বাঙ্গীণ বিকাশ ও জীবনব্যাপী শিক্ষা সম্পর্কে পরিষ্কার ধারণা আছে। পাঠ্যক্রম ও সহ-পাঠ্যক্রমের পার্থক্যের জায়গা গুলি চিহ্নিত করতে পেরেছে। সহ-পাঠ্যক্রমের প্রয়োজনীয় দিক গুলি সম্পর্কে পরিস্কার ধারণা আছে।

## শিখন সহায়ক উপকরণের প্রস্তুতি ও নির্বাচন

<u>পাঠ্যপুস্তকঃ</u> চট্টোপাধ্যায়, কৌশিক। উচ্চমাধ্যমিক শিক্ষাবিজ্ঞান। অভিষেক পাবলিশার্স।

<u>সহকারী পাঠ্যপুস্তকঃ</u> রায়, সুশীল। শিক্ষাবিজ্ঞান। শোভা বুক এজেন্সি।



পাল, দেবাশিষ। উচ্চমাধ্যমিক শিক্ষাবিজ্ঞান। ছায়া প্রকাশনী।

<u>শিক্ষণ-শিখন প্রদীপনঃ</u> বিভিন্ন ধরনের সহ-পাঠ্যক্রমিক কার্যাবলী সংক্রান্ত ছবি। যেমন –

- বিদ্যালয়ে স্বাধীনতা দিবস উদযাপন
- বিদ্যালয়ে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা
- কর্মশিক্ষা ও শারীরশিক্ষা মূলক কার্যাবলী।
- বিভিন্ন ধরনের সমাজসেবামূলক কার্যাবলী ইত্যাদি।

** (শিক্ষক মহাশয় প্রয়োজনে চার্ট বা মডেলের প্রতিকৃতি এখানে ছবির আকারে উপস্থাপন করবেন)

# <u>শিখন কৌশল</u>

<table>
<tr><th>শিখন ক্ষেত্র</th><th>প্রাসঙ্গিক কৌশল</th></tr>
<tr><td>শরীরচর্চামূলক কার্যাবলী</td><td>শিক্ষক মহাশয় প্রতিপাদন পদ্ধতির মাধ্যমে বিভিন্ন ধরনের খেলাধুলা যেমন- যেমন- ফুটবল, হাডুডু, ক্রিকেট, ভলিবল ইত্যাদির ছবি শিক্ষার্থীদের সামনে উপস্থাপন করবেন এবং জিজ্ঞাসা করবেন যে- ছবিটিতে তোমরা কি দেখতে পারছ?এই ধরনের কার্যাবলীতে তোমরা কোনোদিন অংশগ্রহণ করেছ? এই কার্যাবলীর সাথে বিকাশের কোন দিকটি যুক্ত? এই ধরনের আরো কয়েকটি কার্যাবলীর নাম বলতো? ইত্যাদি। এই ভাবে তিনি স্বাধীনভাবে শিক্ষার্থীদের শিখনে এগিয়ে যেতে সাহায্য করবেন এবং শিক্ষার্থীদের থেকে প্রাপ্ত উত্তর গুলি শিক্ষক মহাশয় ব্ল্যাকবোর্ডে লিখে দেবেন।<br>

</td></tr>
<tr><td>আত্মপ্রকাশমূলক কার্যাবলী, সৃজনাত্মক কার্যাবলী এবং সামাজিক কার্যাবলী</td><td>শিক্ষক মহাশয় প্রকল্প পদ্ধতির ধারণা সহযোগে শিক্ষার্থীদের ছোট ছোট দলে ভাগ করে উৎপাদনমূলক হাতের কাজ, উদ্যান গঠন, বৃক্ষরোপণ, পরিবেশ পরিচ্ছন্নতা, অঙ্কন, সঙ্গীত, নৃত্য ইত্যাদি কার্যাবলীর আয়োজন করে শিক্ষার্থীদের অংশগ্রহণের সুযোগ করে দেবেন। শিক্ষার্থীরা বিভিন্ন কার্যাবলী অনুশীলন করার মাধ্যমে আত্মপ্রকাশমূলক কার্যাবলী, সামাজিক কার্যাবলী ও সৃজনাত্মক কার্যাবলী সম্পর্কে ধারণা অর্জন করবে।</td></tr>
<tr><td>শিক্ষামূলক কার্যাবলী</td><td>শিক্ষক মহাশয় সাহিত্য সভা, বিতর্ক সভা, আলোচনা চক্র, শিক্ষক দিবস ইত্যাদির উদাহরন দেওয়ার মাধ্যমে শিক্ষামূলক কার্যাবলী সংক্রান্ত ধারণা সামাজিক বিকাশ, প্রাক্ষভিক বিকাশ, মানসিক বিকাশের সহিত যুক্ত করে এমন ভাবে উপস্থাপন করবেন যাতে শিক্ষণীয় বিষয়টি শিক্ষার্থীদের মানসিক স্তরে উপনিত হয়। এখানে শিক্ষক মহাশয় প্রয়োজনীয় দিকগুলি ব্ল্যাকবোর্ডে লিখে দেবেন।<br>

</td></tr>
</table>

## মূল্যায়নের নকশা

- অভীক্ষা পদ

১. সহ-পাঠ্যক্রম কাকে বলে?
২. সহ-পাঠ্যক্রমিক কার্যাবলীর বিভিন্ন শ্রেণির নাম লেখো ?
৩. আত্মপ্রকাশমূলক কার্যাবলী কাকে বলে?
৪. মানসিক বিকাশের উপযোগী কয়েকটি কার্যাবলীর নাম বল?
৫. সৃজনাত্মক কার্যাবলীর কয়েকটি উদাহরন দাও?
৬. শিক্ষার্থীদের মধ্যে আত্মবিশ্বাস গড়ে তুলতে কোন ধরণের কার্যাবলী প্রয়োজন?

- কাজের পাতা

১. ডানদিকের সহিত বামদিকের মিল খুঁজে বের কর।

| বামদিক | ডানদিক |
|---|---|
| সামাজিক কার্যাবলী | ছবি আঁকা |
| সৃজনাত্মক কার্যাবলী | ব্যাডমিন্টন খেলা |
| শিক্ষামূলক কার্যাবলী | বৃক্ষরোপণ |
| আত্মপ্রকাশমূলক কার্যাবলী | বিতর্ক সভা |
| শরীরচর্চামূলক কার্যাবলী | উদ্যান গঠন |

২. সংক্ষেপে উত্তর দাও।

ক. সৃজনাত্মক কার্যাবলীর একটি উদাহরন দাও?

...................................................


খ. শরীরচর্চামূলক কার্যাবলীর একটি উপযোগিতা লেখো।

...................................................

গ. বৌদ্ধিক বিকাশের উপযোগী দুটি কার্যাবলীর নাম লেখ।

..............................................................

❖ সৃজনাত্মক কাজ




<u>**দূর্বলতা নির্ণয় (সংশোধনী পাঠের প্রয়োজনে)**</u>